## প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় ২০১৫১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

| ক্র:নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ০১। | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০১টি | ১ | - | - | - | ১ | ১০০% | - | - |

**০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা:** ০১টি

**০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:** ১) ভূমি উন্নয়ন ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ কাজে সময়ক্ষেপণ; ২) গ্যাস লাইন নির্মাণ কাজ সমাপ্ত না হওয়া; এবং ৩) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা।

**০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:**

| ক্রম | সমস্যা | ক্রম | সুপারিশ |
|---|---|---|---|
| ১) | বেপজা'র নিজস্ব ১২৪.৭১ একর জায়গায় ড্রেজিং এর মাধ্যমে ৬৩৪.৫২ লক্ষ টাকা ব্যয়ে ভূমি উন্নয়ন সম্পন্ন করা হয়েছে ।প্রকল্পের আওতায় সৃষ্ট নতুন শিল্প প্লটসমূহের মধ্যে এখনও ৩২টি শিল্প প্লট খালি আছে। | ১) | অবিলম্বে এ সকল প্লটসমূহ উদ্যোক্তাদের মধ্যে বরাদ্দের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। |

## ঈশ্বরদী রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা২য় পর্যায়
## -শীর্ষক সমাপ্তি প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের নাম : ঈশ্বরদী রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা-২য় পর্যায়।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)।

৩। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : প্রধানমন্ত্রীর কার্যালয়।

৪। প্রকল্পের অবস্থান : ঈশ্বরদী রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা, পাকশী , ঈশ্বরদী, পাবনা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

| প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (লক্ষ টাকায়) | সর্বশেষ সংশোধিত (লক্ষ টাকায়) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৮৩৮১.৪৫ | ৮৩৬১.৫৩ | ৭৯১৪.৭৫ | জুলাই'২০১১ হতে ডিসেম্বর' ২০১৩ | জুলাই'২০১১ হতে ডিসেম্বর' ২০১৫ | জুলাই'২০১১ হতে ডিসেম্বর' ২০১৫ | ৯৪.৪৩% - ৪৬৬.৭০ লক্ষ - ৫.৫৭% | ২৪ মাস ১০০% |

৬। প্রকল্পের পটভূমিঃ

২০ অক্টোবর ১৯৯৮ তারিখে 'একনেক' এর সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী "ঈশ্বরদী ইপিজেড-১মপর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার পাকশীতে বিদ্যমান বাংলাদেশ রেলওয়ের ৩০৮.৯৭ একর অব্যবহৃত জমি বেপজা'র নিকট হস্তান্তর করা হয়। উক্ত জমি হতে বর্ণিত প্রকল্পের আওতায় ১৮৪.২৬ একর জমিতে উন্নয়ন কাজ সম্পন্ন করা হয় । স্বল্প সময়ের মধ্যে প্রকল্পটি সফল হওয়ায় ঈশ্বরদী ইপিজেডের আওতাধীন অবশিষ্ট ১২৪.৭১ একর জমিতে ভূমি উন্নয়ন ও আনুসাঙ্গিক অবকাঠামো নির্মাণের মাধ্যমে নতুন শিল্প প্লট ও কারখানা ভবন তৈরীর জন্য আলোচ্য "ঈশ্বরদী ইপিজেড-২য়পর্যায়" শীর্ষক প্রকল্প হাতে নেয়া হয়। উক্ত প্রকল্পটি ০৭/০৮/২০১১ তারিখে প্রধান মন্ত্রীর কার্যালয় হতে অনুমোদিত হয়।

৭। প্রকল্পের উদ্দেশ্যঃ

(ক) প্রয়োজনীয় অবকাঠামো ও ইউটিলিটি সেবাসহ যোগে রপ্তানীমুখী শিল্প স্থাপনের উপযোগী শিল্প প্লট তৈরী ও নতুন কারখানা ভবন তৈরীর মাধ্যমে দেশী-বিদেশী বিনিয়োগকারীদের প্রয়োজনীয় চাহিদা পূরণ।

(খ) দেশী-বিদেশী বিনিয়োগকারীদের মাধ্যমে নতুন রপ্তানীমুখী শিল্প স্থাপন।

(গ) বাংলাদেশী শ্রমিকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

(ঘ) বিদেশী বিনিয়োগ বৃদ্ধিকরণসহ রপ্তানী আয় বৃদ্ধি এবং বৈদেশীক মুদ্রা আহরণ।

(ঙ) সংলগ্ন এলাকার আর্থ-সামাজিক উন্নয়নসহ আঞ্চলিক বৈষম্য হ্রাসকরণ।

(চ) আধুনিক প্রযুক্তি আহরণের মাধ্যমে সংলগ্ন এলাকার মানব সম্পদের উন্নয়ন।

(ছ) দারিদ্র বিমোচন।

(জ) স্থানীয় এলাকাতে সংযোগ শিল্পের বিকাশ।

**৮। প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

বেপজা'র নিজস্ব অর্থায়নে জুলাই '২০১১ হতে ডিসেম্বর'২০১৩ মেয়াদে বাস্তবায়নের সংস্থান রেখে প্রস্তাবিত প্রকল্পটি প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ০৭/০৮/২০১১ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে উক্ত প্রকল্পের আওতাধীন ভূমি উন্নয়ন কাজে ব্যয় হ্রাস পায়। অপরদিকে উক্ত সময়ে ঈশ্বরদী ইপিজেডে কারখানা ভবনের যথেষ্ট চাহিদা থাকায় ভূমি উন্নয়ন খাতের সাশ্রয়ী অর্থ হতে নতুন একটি কারখানা ভবন নির্মাণের সংস্থান রেখে জুলাই '২০১১ হতে ডিসেম্বর '২০১৪ মেয়াদে বাস্তবায়নের সংস্থান রেখে ৩১/১০/২০১৩ তারিখে উক্ত প্রকল্পের জন্য '১মসংশোধন' অনুমোদিত হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের যাবতীয় কাজ শেষ হলেও শুধুমাত্র গ্যাস লাইন নির্মান কাজ শেষ না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর'২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

**৯। প্রকল্পের অর্থায়ন :** এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি

| অর্থ বছর | এডিপি বরাদ্দ | | প্রকৃত ব্যয় অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|
| | টাকা | বাস্তব লক্ষ্যমাত্রা | মোট ব্যয় | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব % |
| ২০১১-১২ | ১১০৬.৪৩ | ১৩.২৩% | ৬৫১.৭৯ | ৬৫১.৭৯ | - | ৭.৮% |
| ২০১২-১৩ | ৩০৮৯.৩০ | ৩৬.৯৫% | ২৭৭৭.৬০ | ২৭৭৭.৬০ | - | ৩৩.২২% |
| ২০১৩-১৪ | ৩৫২৬.২৭ | ৪২.১৮% | ৩৮৫৪.২৫ | ৩৮৫৪.২৫ | - | ৪১.১০% |
| ২০১৪-১৫ | ৬৩৯ | ৭.৬৪% | ৬৩১.১১ | ৬৩১.১১ | - | ৭.৫৫% |
| ২০১৫-১৬ | - | - | - | - | - | - |
| মোট | ৮৩৬১.০০ | - | ৭৯১৪.৭৫ | ৭৯১৪.৭৫ | - | - |

**১০। প্রকল্পের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন**

(লক্ষ টাকায়)

| ক্র/নং | সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ (১মসংশোধিত) | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর'২০১৫ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব% | আর্থিক% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | ভূমি উন্নয়ন | ঘন মিটার | ৬৪০,০০০ | ৬৪০.০০ | ৬,৩৪,৫২৫ (৯৯.১৪%) | ৬২৫.৫০ (৯৭.৭৩%) |
| ২. | ৫'-০" উঁচু সীমানা দেয়ালের উপরে সীমানা দেয়াল নির্মাণ কাজ | মিটার | ৪,১৫০ | ১৩৬.৭৫ | ৪,১৮২ (১০০.৭৭%) | ১৩৬.৫৭ (৯৯.৮৭%) |
| ৩. | নতুন ১২ '-৬" উঁচু সীমানা দেয়াল নির্মাণ কাজ | মিটার | ৬৫০ | ৭১.৫০ | ৫৬১ (৮৬.৩১%) | ৬০.০৭ (৮৪.০১%) |
| ৪. | নিরাপত্তা-কাষ্টম অফিস ও গেট নির্মাণ | বর্গ | ২০০ | ৪০.০০ | ০.০০ | ০.০০ |

| ক্র/নং | সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ (১মসংশোধিত) | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর’২০১৫ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব% | আর্থিক% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | মিটার | | | | |
| ৫. | সেন্ট্রি পোষ্ট | সংখ্যা | ১০ | ৩৬.৫০ | ১০ (১০০%) | ৩০.৮৫ (৮৪.৫২%) |
| ৬. | রাস্তা নির্মাণ | বর্গ মিটার | ৪৩৬৫০ | ৯৮০.০০ | ৪২৮৩৪ (৯৮.১৩%) | ১০২২.৯২ (১০৪.৩৮%) |
| ৭. | নর্দমা নির্মাণ | মিটার | ৮৭০০ | ৮০০.০০ | ৮৬৩১.০০ (৯৯.২১%) | ৬৬৯.৭০ (৮৩.৭১%) |
| ৮. | ফুটপাত নির্মাণ | বর্গ মিটার | ১৮৫০০ | ১৩৫.০০ | ১৮৩৬০ (৯৯.২৪%) | ১৭১.৩৪ (১২৬.৯২%) |
| ৯. | ড্রেনেজ আউটলেট | মিটার | ০.০০ | - | - | ০.০০ |
| ১০. | কারখানা ভবন | বর্গ মিটার | ১৪১৬০ | ২৩৩৫.০০ | ১৪১৬০.০০ (১০০%) | ১৯১০.৩৬ (৮১.৮১%) |
| | আনসার ব্যারাক | বর্গ মিটার | ৩৬৭.০০ | ৯২.০০ | ৩৬৭.০০ (১০০%) | ৭৯.৭২ (৮৬.৬৫%) |
| ১১. | ডীপ টিউবওয়েল , সাব মারসিবল পাম্প মোটর এবং পাম্প হাউজ | সেট | ১ | ৮৬ | ০১ (১০০%) | ৬০.২৫ (৭০.০৬%) |
| | পানি সরবরাহ ব্যবস্থা | মিটার | ৬৫৫০ | ১৫৬.০০ | ৭২৭৩ (১১১.০৪%) | ১৫৪.৯৫ (৯৯.৩৩%) |
| ১২. | রাস্তার বাতি | মিটার | ৪০৪০ | ৮৭.০০ | ৩৩০০ (৮১.৬৮%) | ৬৯.৯৪ (৮০.৩৯%) |
| | নিরাপত্তা বাতি | মিটার | ৪৪৫০ | ১৩৫.০০ | ৩৭৬৮ (৮৪.৬৭%) | ১১৪.৩৩ (৮৪.৬৯%) |
| | ১১ কেভি ওভারহেড লাইন | মিটার | ৪৫৫০ | ৮৫.০০ | ৩৯৯০ (৮৭.৬৯%) | ৮১.৪৬ (৯৪.৮৪%) |
| | ১১/০.৪১৫ কেভি, ২৫০ কেভিএ সাব-ষ্টেশন | সংখ্যা | ১৮ | ২১০.০০ | ১৮ (১০০%) | ২০৫.৩৬ (৯৭.৭৯%) |
| | ৩৩/১১ কেভি সাব -ষ্টেশন (২X ১৬/২০ এমভিএ) | সেট | ১ | ১৯৫৫.০০ | ০১ (১০০%) | ১৯৫২.০৩ (৯৯.৮৫%) |
| | ৩৩/১১ কেভি সাব -ষ্টেশনের জন্য ৩৩ কেভি সোর্স লাইন | মিটার | ২৫০০ | ১১০.০০ | ২৫০০ (১০০%) | ১২৩.০৪ (১১১.৮৫%) |
| ১৩. | গ্যাস সরবরাহ ব্যবস্থা | মিটার | ১৮০০ | ১৬০.৫০ | -- | ৩৭০.৩১ (২৩০.২১%) |
| ১৪. | টেলি কমিউনিকেশন ব্যবস্থান | সংখ্যা | ২০০ | ৫৭.০০ | ২০০ (১০০%) | ৫৬.৯২ (৯৯.৮৬%) |

| ক্র/নং | সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ (১মসংশোধিত) | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর'২০১৫ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব% | আর্থিক% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১৫. | মোটর সাইকেল | সংখ্যা | ৫ | ৭.৬৩ | ০৫ (১০০%) | ৭.৮১ (১০২.৩৬%) |
| ১৬. | সার্ভে এবং অন্যান্য যন্ত্রপাতি | থোক | থোক | ১০.০০ | থোক (১০০%) | ০.৯৮ (৯.৮%) |
| ১৭. | কম্পিউটার, প্রিন্টার ও ইউপিএস | সেট | ৫ | ৫.০০ | ০৫ (১০০%) | ৪.৭৬ (৯৫.২%) |
| ১৮. | ইলেকট্রিক মিটার | সংখ্যা | ১০ | ৩.৬৫ | ১০ (১০০%) | ৩.৫৮ (৯৮.০৮%) |
| ১৯. | বৃক্ষরোপন | থোক | থোক | ২.০০ | থোক (১০০%) | ২.০০ (১০০%) |
| ২০. | অন্যান্য উন্নয়নমূলক কাজ | থোক | থোক | ১৫.০০ | -- | ০.০০ (০%) |
| ২১. | ফিজিক্যাল এন্ড প্রাইস কন্টিনজেন্সী | থোক | থোক | ১০.০০ | -- | ০.০০ (০%) |
| | মোট = | - | - | **৮৩৬১.৫৩** | -- | **৭৯১৪.৭৫ (৯৪.৬৬%)** |

১১। **প্রকল্পের অর্থায়নঃ**
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর নিজস্ব অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

১২। **কোন অঙ্গের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা:**প্রয়োজনীয় সকল অংগের কাজ সমাপ্ত হয়েছে।

১৩। **ক্রয় কার্যক্রম:**

**১৩.১ যানবাহন ক্রয়**

| যানবাহনের প্রকার | ডিপিপি অনুযায়ী সংখ্যা | ক্রয়ের তারিখ | ও এন্ড এম এ অন্তর্ভুক্তির তারিখ |
|---|---|---|---|
| মোটর সাইকেল | ২টি<br>৩টি | ১২/১০/২০১১<br>১০/০৯/২০১৪ | জানুয়ারি ২০১৬ |

**১৩.২ পণ্য ক্রয় ও নির্মাণ কার্যক্রম**

| পণ্য ক্রয় ও নির্মাণ কার্যক্রম | টেন্ডার/বিড/প্রস্তাবিত মূল্য (কোটি টাকায়) | | কার্য সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|
| | ডিপিপি অনুসারে মূল্য | চুক্তি মুল্য | ডিপিপি অনুসারে তারিখ | প্রকৃত তারিখ |

| | | | | |
|---|---|---|---|---|
| চারতলা বিশিষ্ট ফ্যাক্টরি ভবন নির্মাণ (০৩) | ৮.২০৪ | ৮.২০৪ | ২১/০৩/২০১৩ | ০৯/০৬/২০১৩ |
| পদ্মা নদী হতে ড্রেজিং এর মাধ্যমে ভূমি উন্নয়ন (গ্রুপ-এ) | ৬.৪০০ | ২.৮৮৪ | ১৯/০৪/২০১২ | ৩১/০৫/২০১২ |
| পদ্মা নদী হতে ড্রেজিং এর মাধ্যমে ভূমি উন্নয়ন (গ্রুপ-বি) | | ৩.১০৩ | ১৯/০৪/২০১২ | ৩০/০৬/২০১২ |
| রাস্তা ড্রেন এবং ফুটপাত নির্মাণ (গ্রুপ-এ) | ৭.১৪৭ | ৭.১৪৭ | ১৯/০৩/২০১৩ | ১৭/১১/২০১৩ |
| রাস্তা ড্রেন এবং ফুটপাত নির্মাণ (গ্রুপ-বি) | ৩.৩৬১ | ৩.৩৬১ | ১৯/০৩/২০১৩ | ০৩/০৫/২০১৩ |
| রাস্তা ড্রেন এবং ফুটপাত নির্মাণ (গ্রুপ-সি) | ৪.০৬৮ | ৪.৪৩৭ | ২৩/০৩/২০১৩ | ২১/০৬/২০১৩ |
| রাস্তা ড্রেন এবং ফুটপাত নির্মাণ (গ্রুপ-ডি) | ৪.৪৩৭ | ৪.০৬৮ | ২৩/০৩/২০১৩ | ২২/০৫/২০১৩ |
| চারতলা বিশিষ্ট ফ্যাক্টরি ভবন নির্মাণ (০৪) | ১৩.১৩০ | ৯.৬৬৯ | ০৭/০৬/২০১৫ | ১৫/০৯/২০১৫ |
| ১৬/২০ এমবিএ, ৩৩/১১ কেভি সাবস্টেশন ক্রয় ও স্থাপন | ১৯.৫২০ | ১৯.৫২০ | ১৩/০৫/২০১৩ | ৩০/০৪/২০১৪ |
| গ্যাস লাইন নেটওয়ার্ক স্থাপন | ১.৬০৫ | ৩.৭০৩ | পিজিসিএল কর্তৃক সম্পাদিত হয়েছে | |

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

| নাম ও পদবী | পূর্ণকালীন / খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ | মেয়াদকাল |
|---|---|---|---|---|
| মোঃ রুহুল আমীন জিএম (আই/সি) এবং প্রকল্প পরিচালক | অতিরিক্ত দায়িত্ব | ০৫/০৮/২০১৩ | - | ০৫/০৮/২০১৩ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত |

১৫। **অডিট সংক্রান্ত:**

| অডিটের সময়কাল | অডিট প্রতিবেদন জমাদানের তারিখ | অডিট আপত্তি | অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা? |
|---|---|---|---|
| ২০১২-১৩<br>২০১৩-১৪ | ০৭/০৬/২০১৫ | Some minor findings/ objection found | নিষ্পত্তিকৃত |

**১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সাফল্যসমূহ সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল:

| | পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|---|
| ১ | ভবন তৈরীর মাধ্যমে দেশী -বিদেশী বিনিয়োগকারীদের প্রয়োজনীয় চাহিদা পূরণ। | প্রকল্পের আওতায় ১৯১০.৩৬ লক্ষ টাকা ব্যয়ে ০২টি নতুন চার তলা কারখানা ভবনও একটি ভবনের উর্ধ্বমুখী |

| | পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|---|
| | | সম্প্রসারণ (৪র্থতলা) এর মাধ্যমে সর্বমোট ১৪১৬০ বর্গমিটার নতুন কারখানা ফ্লোর স্পেস তৈরী করা হয়েছে। উক্ত ভবনসমূহ ইতোমধ্যে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের নিকট বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| ২ | দেশী-বিদেশী বিনিয়োগকারীদের মাধ্যমে নতুন রপ্তানীমুখী শিল্প স্থাপন। | ৫৪টি প্লট প্রস্তুত করা হয়েছে। |
| ৩ | বাংলাদেশী শ্রমিকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি। | ৭৩৫ জন শ্রমিকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। আরো ৫ হাজার শ্রমিকের কর্মসংস্থান প্রক্রিয়াধীন। |
| ৪ | বিদেশী বিনিয়োগ বৃদ্ধিকরণ সহরপ্তানী আয় বৃদ্ধি এবং বৈদেশীক মুদ্রা আহরণ। | ক্রমপুঞ্জিত বিনিয়োগ ৭.৩১ মিলিয়ন ডলার। |

**১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণ:** প্রযোজ্য নয়।

**১৮। আইএমইডি'র পর্যবেক্ষণঃ**

"ঈশ্বরদী রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা-২য় পর্যায়" শীর্ষক বিনিয়োগ প্রকল্পটি ডিসেম্বর,২০১৫ সালে সমাপ্ত হওয়ায় বিগত ২৬/০৯/২০১৭ তারিখে সমাপ্ত প্রকল্প মূল্যায়নের নিমিত্ত পাবনা জেলার ঈশ্বরদী উপজেলায় ঈশ্বরদী রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা আইএমইডি -এর পক্ষ হতে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে নজরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঈশ্বরদী ইপিজেড, মোঃ সালমান ফারসী, সিনিয়র ইঞ্জিনিয়ার, বেপজা, আনোয়ার হোসেন, নির্বাহী প্রকৌশলী, পুরকৌশল, ঈশ্বরদী ইপিজেড এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রকল্পের পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ নিম্নে বর্ণিত হলো:

**১৮.১ ভূমি উন্নয়নঃ**

উক্ত প্রকল্পের আওতায় বেপজা 'র নিজস্ব ১২৪.৭১ একর জায়গায় ড্রেজিং এর মাধ্যমে ৬৩৪.৫২ লক্ষ টাকা ব্যয়ে ভূমি উন্নয়ন সম্পন্ন করা হয়েছে। এখাতে বাস্তব অগ্রগতি ১০০%।

**১৮.২ কারখানা ভবন নির্মাণঃ**

প্রকল্পের আওতায় ১৯১০.৩৬ লক্ষ টাকা ব্যয়ে ০২টি নতুন চারতলা কারখানা ভবন ও একটি ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৪র্থতলা) এর মাধ্যমে সর্বমোট ১৪১৬০ বর্গমিটার নতুন কারখানা ফ্লোর স্পেস তৈরী করা হয়েছে । উক্ত ভবন সমূহ ইতোমধ্যে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের নিকট বরাদ্দ প্রদান করা হয়েছে।

**১৮.৩ রাস্তা, ফুটপাত ও ড্রেন নির্মাণঃ**

প্রকল্পের আওতায় ১০২২.৯২ লক্ষ টাকা ব্যয়ে ৪২৮৩৪ বর্গ মিটার নতুন রাস্তা এবং ৮৪১.৪০ লক্ষ টাকা ব্যয়ে ৮৬৩১ মিটার বিভিন্ন আকারের ড্রেন ও ১৮৩৬০ বর্গমিটার ফুটপাতের কাজ সম্পন্ন করা হয়েছে । উল্লেখ্য, প্রকল্প ছকে রাস্তা, নর্দমা ও ফুটপাত এর কাজসমূহ ০৩টি আলাদা খাতে দেখানো হয়েছে। তবে সরেজমিনে কাজের সুবিধার্থে অনুমোদিত Procurement plan এর প্যাকেজ W-4, 5, 6 & 7 অনুযায়ী (ডিপিপি পৃষ্ঠানং-১২) ০৪টি গ্রুপে ভাগ করে প্রতি গ্রুপেই রাস্তা, নর্দমা ও ফুটপাত নির্মাণের সংস্থান রেখে কাজ সম্পাদন করা হয়েছে। এক্ষেত্রে উপস্থাপিত পিসিআর অনুযায়ী রাস্তা ও ফুটপাত নির্মাণে ব্যয় বৃদ্ধি হলেও নর্দমা নির্মাণে ব্যয় হ্রাস পেয়েছে । সামগ্রীকভাবে উক্ত ০৩টি খাতে

মোট অনুমোদিত ব্যয় ১৯১৫.০০ লক্ষ টাকা হলেও সম্পাদিত ব্যয় ১৮৬৩.৯৬ লক্ষ টাকা হওয়ায় মোট ব্যয় হ্রাস পেয়েছে।

**১৮.৪ ৩৩/১১ কেভিসাবষ্টেশনঃ**

প্রকল্পের আওতায় ১৯৫২.০৩ লক্ষ টাকা ব্যয়ে সুইচ গিয়ার , ভবন ও আনুসাঙ্গিক স্থাপনাসহ ০২টি ৩৩/১১ কেভি ১৬/২০ এমভিএ সাব-ষ্টেশন স্থাপন করা হয়েছে।

**১৮.৫ ৩৩/১১ কেভি সাবষ্টেশনের জন্য ৩৩ কেভি সোর্স লাইনঃ**

উক্ত খাতে ২৫০০ মিটার ৩৩ কেভি সোর্স লাইন নির্মাণের জন্য ১১০.০০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান থাকলেও সরেজমিনে ১২৩.০৪ লক্ষ টাকা (১১১.৮৫%) ব্যয় করা হয়েছে। এক্ষেত্রে পিডিবি এর প্রাক্কলন অনুযায়ী নির্ধারিত অর্থ পিডিবি বরাবর জমা প্রদান করে ডিপোজিট ওয়ার্ক হিসেবে কাজটি সম্পন্ন করা হয়েছে । এ প্রেক্ষাপটে জোন দপ্তরের ব্যয় কমানোর কোন সুযোগ ছিল না বলে প্রকল্পের কর্মকর্তাদের সাথেআলোচন করে জানা যায়।

**১৮.৬ গ্যাস সরবরাহ ব্যবস্থাঃ**

পেট্রোবাংলার অধিনস্থ পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানীর মাধ্যমে ৩৭০.৩১ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্প এলাকার নিকটবর্তী ডিআরএস হতে সংযোগ লাইনসহ ৪", ৬" ও ৮" ব্যাসের ৫১০০ মিটার নতুন গ্যাস লাইন স্থাপন করা হয়েছে।

**১৯। প্রকল্পের জনবলঃ**

উক্ত প্রকল্পে আলাদা কোন লোকবল নিয়োজিত করা হয়নি । এক্ষেত্রে ঈশ্বরদী ইপিজেডের বিদ্যমান লোকবল দ্বারা প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে ঈশ্বরদী ইপিজেডের মহাব্যবস্থাপক অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। উক্ত প্রকল্পে জনাব এস. এম. আখতার আলম মোস্তাফী, ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক প্রকল্পের শুরু হতে ১১/০৩/২০১২, জনাব মোঃ মাহমুদ হাসান , ভার প্রাপ্ত মহাব্যবস্থাপক ১১/০৩/২০১২হতে ০১/০৪/২০১৩, জনাব মোঃ শাহ্ আলম সরকার, মহাব্যবস্থাপক ০১/০৪/২০১৩ হতে ০৪/০৮/২০১৩ এবং জনাব মোঃ রুহুল আমিন , ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক ০৫/০৮/২০১৩ হতে প্রকল্পের সমাপ্তি পর্যন্ত প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।




চিত্র:১ ঈশ্বরদী ইপিজেড



চিত্র:২ প্রকল্পের আওতায় নির্মিত রাস্তা

| | |
|---|---|
|  |  |
| চিত্র:৩ কারখানা ভবন | চিত্র:৪ প্রকল্পের আওতায় নির্মিত সেন্ট্রিপোস্ট |

**২০। আইএমইডি'র মতামত/সুপারিশ:**

২০.১ বেপজা'র নিজস্ব ১২৪.৭১ একর জায়গায় ড্রেজিং এর মাধ্যমে ৬৩৪.৫২ লক্ষ টাকা ব্যয়ে ভূমি উন্নয়ন সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের আওতায় সৃষ্ট নতুন শিল্প প্লটসমূহের মধ্যে এখনও ৩২টি শিল্প প্লট খালি আছে । অবিলম্বে এ সকল প্লটসমূহ উদ্যোক্তাদের মধ্যে বরাদ্দের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

২০.২ প্রকল্পের আওতায় ১৯১০.৩৬ লক্ষটাকাব্যয়ে ০২টি নতুন চারতলা কারখানা ভবন ও একটি ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৪র্থতলা) এর মাধ্যমে সর্বমোট ১৪১৬০ বর্গ মিটার নতুন কারখানা ফ্লোর স্পেস তৈরী করা হয়েছে । উক্ত ভবনসমূহ ইতোমধ্যে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের নিকট বরাদ্দ প্রদান করা হলেও অনেক কারখানার কার্যক্রম শুরু হয়নি। প্রকল্পের মুল উদ্দেশ্য হলো বর্ধিত কর্মসংস্থান সৃষ্টি ও উৎপাদনের মাধ্যমে বৈদেশিক মুদ্রা আহরণ করা। কারখানাগুলোর কার্যক্রম শুরু না করায় প্রকল্পের মুল উদ্দেশ্য অর্জিত হচ্ছে না। বিধায় বরাদ্দ প্রাপ্ত কারখানা সমূহকে দ্রুততার সাথে উৎপাদন পর্যায়ে যাওয়ার জন্যবেপজা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কারখানাগুলোকে নির্দেশনা দিতে পারে।

২০.৩ বিশ্বের বিভিন্ন দেশ হতে আগত প্রায় ৫০০ বিদেশী ঈশ্বরদী উপজেলায় বসবাস করেন। রূপপুর পারমাণবিক প্রকল্পসহ ঈশ্বরদীর বিভিন্ন শিল্প কারখানায় তারা নিয়োজিত আছেন। তাদের যাতায়াতসহ দ্রুত যোগাযোগে র জন্য ঈশ্বরদী উপজেলায় স্থাপিত এয়ারপোর্টটি দ্রুত সচল করা প্রয়োজন। এ লক্ষ্যে বেপজা উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করতে পারে।

২০.৪ এ প্রকল্পের মাধ্যমে লব্ধ সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন, বিভিন্ন ইলেকট্রনিক্স মিডিয়ায় প্রচার ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২০.৫ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছে` ২০.১ হতে ২০.৪) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্ৰবায়ন পরিবীৰণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।